তারিখ · 25 FEB 2016 ·····
পৃষ্ঠা ··১৫·· কলাম····2·· ·······

সমকাল

# তিতুমীর কলেজে শিক্ষার্থীদের ওপর ছাত্রলীগের হামলা

■ সমকাল প্রতিবেদক

রাজধানীর মহাখালীতে সরকারি তিতুমীর কলেজে অনার্সের ফরম পূরণে বর্ধিত ফি বাতিলের দাবিতে আন্দোলনরত শিক্ষার্থীদের ওপর ছাত্রলীগের একটি গ্রুপ হামলা চালিয়েছে বলে অভিযোগ পাওয়া গেছে। এতে অন্তত ১২ শিক্ষার্থী আহত হয়েছেন। গতকাল বুধবার সকালে এ হামলার ঘটনা ঘটে। আহতদের মধ্যে ইতিহাসের রহমত হোসেন ও দর্শনের ইয়াজুল ইসলাম নামে দুই ছাত্রকে ঢাকা মেডিকেল কলেজ হাসপাতালে ভর্তি করা হয়েছে। বাকিদের প্রাথমিক চিকিৎসা দেওয়া হয়েছে।

এদিকে হামলার পর পুলিশ তিতুমীর কলেজের ছাত্রাবাসে অভিযান চালিয়ে হামলাকারী পাঁচজনসহ মোট সাতজনকে আটক করেছে। তাদের কাছ থেকে রামদা, চাপাতি, লাঠি, খেলনা পিস্তলসহ বিভিন্ন দেশীয় অস্ত্র উদ্ধার করা হয়েছে।

আন্দোলনরত শিক্ষার্থীরা জানান, চতুর্থ বর্ষের ফরম পূরণের ফি বাবদ প্রত্যেক শিক্ষার্থীর কাছ থেকে এক হাজার ৩০০ টাকা বেশি নেওয়া হচ্ছে। সেশন ফি নেওয়া হচ্ছে ৭০০ টাকা বেশি। এভাবে বিভিন্ন খাত মিলিয়ে প্রায় আড়াই হাজার টাকা বেশি নিচ্ছে কলেজ কর্তৃপক্ষ। এ কারণে গত বৃহস্পতিবার থেকে তারা আন্দোলন শুরু করেন। এরই ধারাবাহিকতায় গতকাল সকাল সাড়ে ১০টার দিকে তারা কলেজ চত্বরে সমবেত হন। ওই সময় কলেজ শাখা ছাত্রলীগের সভাপতি মিরাজুল ইসলাম ডলার ও মানিক হোসেনের নেতৃত্বে ছাত্রলীগ কর্মীরা তাদের মারধর করে।

প্রত্যক্ষদর্শী এক ছাত্র জানান, হামলার মুখে আন্দোলনকারী শিক্ষার্থীরা অধ্যক্ষের কার্যালয়ের সামনে ও শ্রেণীকক্ষে আশ্রয় নিলেও ছাত্রলীগের একটি গ্রুপ অধ্যক্ষের সামনে ছাত্রদের বেধড়ক পেটায়।

সাধারণ শিক্ষার্থীদের ওপর হামলার কারণ জানতে তিতুমীর কলেজ শাখা ছাত্রলীগের সাধারণ সম্পাদক মানিক হোসেনের মোবাইল ফোনে কয়েক দফা যোগাযোগের চেষ্টা করা হয়। তিনি কল রিসিভ করেননি। কলেজ শাখা ছাত্রলীগের একটি সূত্র জানিয়েছে, ছাত্রলীগের একটি অংশ আন্দোলনকারী শিক্ষার্থীদের পক্ষে রয়েছে। হামলাকারী গ্রুপটি অধ্যক্ষের আস্থাভাজন হিসেবে ক্যাম্পাসে পরিচিত।